

জেএসসি পরীক্ষা ২ নভেম্বর এসএসসি ১ ফেব্রুয়ারি থেকে

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, বৃহস্পতিবার, ০৪ জুলাই ২০১৯

২০১৯ সালের জেএসসি (জুনিয়র স্কুল সার্টিফিকেট) ও সমমান এবং ২০২০ সালের এসএসসি ও সমপর্যায়ের পরীক্ষার সময়সূচি অনুমোদন করেছে শিক্ষা মন্ত্রণালয়। সূচি অনুযায়ী আগামী ২ নভেম্বর থেকে জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হয়ে শেষ হবে ১১ নভেম্বর। প্রতিদিন সকাল ১০টায় পরীক্ষা শুরু হবে। আর এসএসসি ও সমপর্যায়ের পরীক্ষায় তত্ত্বীয় বিষয়ের পরীক্ষা আগামী বছরের ১ ফেব্রুয়ারি শুরু হয়ে শেষ হবে ২২ ফেব্রুয়ারি।

জেএসসি :

আগামী ২ নভেম্বর জেএসসির বাংলা, ৪ নভেম্বর ইংরেজি, ৫ নভেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ৬ নভেম্বর ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা, ৭ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ৯ নভেম্বর গণিত এবং ১১ নভেম্বর বিজ্ঞান অনুষ্ঠিত হবে।

জেএসসি পরীক্ষার্থীদের নির্দেশনায় বলা হয়েছে, 'পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে অবশ্যই পরীক্ষাকক্ষে আসন গ্রহণ করতে হবে।

সুজনশীল ও বহুলনবাচনা পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।

এসএসসি পরীক্ষা :

এসএসসি ও সমপর্যায়ের পরীক্ষায় তত্ত্বীয় বিষয়ের পরীক্ষা আগামী বছরের ১ ফেব্রুয়ারি শুরু হয়ে শেষ হবে ২২ ফেব্রুয়ারি। আর ব্যবহারিক পরীক্ষা ২৩ থেকে ২৯ ফেব্রুয়ারির মধ্যে শেষ করতে হবে।

নির্দেশনায় বলা হয়েছে, পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে অবশ্যই পরীক্ষার্থীদের পরীক্ষাকক্ষে আসন গ্রহণ ও প্রশ্নপত্রে উল্লেখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।